

ভবিষ্যৎ পরিকল্পনা:

যে কোন পরিবেশ পরিস্থিতি এবং সংকটকালীন সময়ে রিমোট লার্নিং প্ল্যাটফর্মের মাধ্যমে রেন্ডিং পদ্ধতিতে পাঠদান কার্যক্রম স্বাভাবিক রাখা হবে। **Civil Registration & Vital Statistics (CRVS)** এর সাথে সম্পৃক্ততা বজায় রেখে সকল শিক্ষার্থীর ছবিসহ আইডি কার্ড ও ডাটাবেইজ প্রণয়নসহ ডিজিটাল শিক্ষার্থী হাজিরা ব্যবস্থাপনা নিশ্চিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ঝরে পড়া ও স্কুল বহির্ভূত শিশুদের বিদ্যালয়ে ফিরিয়ে আনা এবং তাদের প্রাথমিক শিক্ষাচক্র সম্পন্নের জন্য সম্ভাব্য সকল উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সকল শিশুর মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য সরকারের গৃহীত বিভিন্নমুখী পদক্ষেপে বাস্তবায়নের পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় কমিউনিটিকে আরো বেশি সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করা হবে।